



# ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT- BENGALI ANSWER WORKSHEET - 22

DATE - 27.11.2020

## Topic - বোধ - পরীক্ষণ

### নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একদল ছেলে পুকুরের ধারে খেলা করছিল। পুকুরের জলে ভাসতে থাকা ব্যাঙগুলোর উপর চোখ পড়ল তাদের। ঢিল ছুঁড়ে ছুঁড়ে সেই ব্যাঙগুলোকে ঘায়েল করার খেলায় মেতে উঠল তারা। বেশ কিছু ব্যাঙ মারা গেল তাদের হাতে। একসময় আর থাকতে না পেরে একটি ব্যাঙ জলের উপর মাথা তুলে চিৎকার করে কেঁদে উঠল। সে বলল ছেলেরা, একটু দয়া করো। তোমাদের কাছে যেটা খেলা, আমাদের কাছে সেটা মৃত্যু।

১) মানে লেখো।

ক) ঘায়েল - আহত

২) বাক্য রচনা করো।

ক) চিৎকার - আমার বোন খুব চিৎকার করে পড়াশোনা করে।

৩) খালি ঘরে লেখো।

ক) একদল ছেলে পুকুরের ধারে খেলা করছিল।

খ) পুকুরের জলে ভাসতে থাকা ব্যাঙগুলোর উপর চোখ পড়ল তাদের।

৪) ঠিক বা ভুল লেখো।

ক) ছেলেদের হাতে বেশ কিছু ব্যাঙ মারা গেল। ঠিক

খ) একদল ছেলে নদীর ধারে খেলা করছিল। ভুল

৫) উত্তর লেখো।

ক) ছেলেরা কোন খেলায় মেতে উঠেছিল?

উঃ ছেলেরা ঢিল ছুঁড়ে ছুঁড়ে ব্যাঙগুলোকে ঘায়েল করার খেলায় মেতে উঠেছিল।

খ) একটি ব্যাঙ কেঁদে উঠে কী বলেছিল?

উঃ একটি ব্যাঙ কেঁদে উঠে বলেছিল ছেলেরা, একটু দয়া করো। তোমাদের কাছে যেটা খেলা,

আমাদের কাছে সেটা মৃত্যু।